

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
www.nachol.chapainawabganj.gov.bd

উপজেলা আইসিটি বিষয়ক কমিটির ডিসেম্বর/২৩ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব নীলুফা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

তারিখ ও সময় : ২৭.১২.২০২৩ খ্রি., ১২.৩০টা।

স্থান : উপজেলা মিনি করফারেন্স রুম।

উপস্থিতি : উপস্থিত সদস্যবৃন্দের তালিকা “ক” তে দেখানো হলো।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর নভেম্বর /২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং প্রাপ্ত পত্রের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়াও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সবাইকে একসাথে এগিয়ে আসার আহ্বান জানানো হয়। সভায় বিবিধ আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা কার্যালয়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে সিদ্ধান্ত হয়।	ইতোমধ্যে অনেক অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে। এবং যেসকল অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই তাদেরকে উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ের সহায়তায় প্রশিক্ষণ প্রদান করা হয়।	যেসকল অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই তাদেরকে পরবর্তী মাসিক সভার পূর্বেই হালনাগাদ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সকল দপ্তর প্রধান ৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নাচোল।
০২	ইনথি/ পেপারলেস অফিস চালুকরণ	ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে পেপারলেস অফিস চালুকরণ অতীব জরুরী বিষয় ইফাইলিং বাস্তবায়ন ও ইমেইলের ব্যবহার বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়। সভায় জানানো হয় ইনথি হতে ডিনথিতে মাইগ্রেশন চলমান আছে এবং নতুন অফিস তৈরী করা হচ্ছে না।	সকল অফিসে ইনথি চালু করতে হবে এবং অফিসিয়াল ইমেইল ব্যবহার করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সকল দপ্তর প্রধান ৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নাচোল।
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাভ বিষয়ক	সভায় জানানো হয় নাচোলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাভ এবং ০১ টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রদান করা হয়েছে। ল্যাভ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল ল্যাভপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রধানদের নীতিমালা মেনে চলার জন্য নির্দেশনা প্রদান করা হয়। EDC প্রকল্প হতে পাণ্ড তালিকা অনুযায়ী ১৯ টি নতুন আবেদনকৃত প্রতিষ্ঠানের তথ্য যাচাই করে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে।	ল্যাভ পরিচালনা নীতিমালা অনুযায়ী শেখ রাসেল ডিজিটাল ল্যাভ পরিচালনা করতে হবে।	১। ল্যাভ প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৩। সহকারী প্রোগ্রামার

০৪	প্রশিক্ষণ	সভায় জানানো হয় শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের জন্য ১০ দিন ব্যাপী ICT in Education, Troubleshooting & maintenance বিষয়ক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এছাড়াও শেখ রাসেল স্কুল অফ ফিউচারপ্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে ১৫ দিনব্যাপী পাইথন প্রোগ্রামিং বিষয়ে প্রশিক্ষণার্থীদের বাছাইয়ের কাজ চলমান আছে।	ভেন্ডর প্রতিনিধি ও প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনা করে দূত প্রশিক্ষণ শুরু করতে হবে।	১। সহকারী প্রোগ্রামার
০৫	দিবসসমূহ উদযাপন	সভায় জানানো হয় ১৮/১০/২৩ ইং তারিখে শেখ রাসেল দিবস উদযাপন করা হয়। মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়।	আইসিটি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী রিপোর্ট প্রেরণ করতে হবে।	১। সহকারী প্রোগ্রামার ২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান(সরকারি))

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নিলুফা সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন : ০২৫৮৮৮৯৫৯০১

Email: unonachole@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৩.৭০৫৬.০০০.০৬.০০১.১৯.-১৩৪৩

তারিখ ২৭.১২.২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল।
- ৪। অফিসার ইন-চার্জ, নাচোল থানা।
- ৫। উপজেলা কৃষি/সমাজসেবা/স্বাস্থ্য ও প. প./শিক্ষা/মাধ্যমিক শিক্ষা/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল।
- ৬। অধ্যক্ষ, নাচোল সরকারি কলেজ।
- ৭। অধ্যক্ষ, নাচোল মহিলা ডিগ্রি কলেজ।
- ৮। প্রধান শিক্ষক, নাচোল পাইলট উচ্চ বিদ্যালয়/খ.ম. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাচোল।
- ৯। সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। সভাপতি/সম্পাদক, নাচোল প্রেস ক্লাব।

(স্বাক্ষর) ২৭.১২.২৩
সহকারী প্রোগ্রামার